# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

টাঙ্গাইলে গত ২৪ ঘণ্টায় নতুন করে এক যুবক করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন।শুক্রবার দুপুরে জেলা সিভিল সার্জন অফিস এই তথ্য নিশ্চিত করেছে।

অধিকারে জানা গেছে, টাঙ্গাইল মেডিকেল কলেজ হাসপাতালে শুক্রবার সকাল পর্যন্ত তিন জনের করোনা নমুনা পরীক্ষা করা হয়, যার মধ্যে একজনের ফলাফল পজিটিভ এসেছে। আক্রান্ত ব্যক্তি ৩৭ বছর বয়সী এবং টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলার পাথরাইল গ্রামের বাসিন্দা।বর্তমানে তিনি নিজ বাড়িতে চিকিৎসা নিচ্ছেন।

উল্লেখ্য, ২০২০ সালের ৮ এপ্রিল টাঙ্গাইলে প্রথম করোনা রোগী শনাক্ত হয়েছিল।২০ এপ্রিল জেলায় প্রথম করোনা সংক্রমণের কারণে মৃত্যু হয়েছিল।জেলায় মোট আক্রান্তের সংখ্যা তখন ছিল ১৯,৬৯০ জন এবং মোট মৃত্যু ২৭২ জন।

করোনাভাইরাস টাঙ্গাইল মেডিকেল কলেজ হাসপাতাল টাঙ্গাইল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:04

URL: https://www.timestodaybd.com/national/3824256098